





NYC Public Schools

# CEC 30 লং আইল্যান্ড সিটি-এর পরিকল্পনার উপস্থাপনা

*অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং*

9 জুন, 2025

T-38776(Bangla)

# পরিচিতি

- অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং
  - জুলিঅ্যান বোজো (Julianne Bozzo) – ডিরেক্টর অভ কুইন্স প্ল্যানিং
  - রিয়া কাম্বারব্যাচ (Rhea Cumberbatch) – অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ কুইন্স প্ল্যানিং
  - ম্যাক্সিমিলিয়ান ফ্যামিলিয়ান (Maximilian Familian) – সিনিয়র ডিরেক্টর, স্ট্র্যাটেজি
  - জনাথন গেইস (Jonathan Geis) – সিনিয়র ডিরেক্টর, অ্যানালিটিকস্

# আজ রাতের লক্ষ্য

- আমরা আজ রাতে এখানে রয়েছি 21 এপ্রিল ও 12 মে-এর CEC 30 মিটিংগুলোতে আমাদের উপস্থাপন করা বিষয়বস্তুর কিছু কিছুর পর্যালোচনা করতে, 29 মে-এর কমিউনিটি মিটিংয়ে আমাদের শোনা মতামতের মূল প্রসঙ্গগুলোর পুনরাবৃত্তি করতে, এবং একটি সম্ভাব্য ইনকিউবেশনের সুযোগের জন্য পরিকল্পনায় আমরা কোথায় রয়েছি তার সর্বসাম্প্রতিক তথ্য শেয়ার করতে।
  - সেপ্টেম্বর 2027-এ শুরু করে লং আইল্যান্ড সিটিতে দুইটি নতুন স্কুল বিল্ডিং উন্মুক্ত হতে যাচ্ছে।
  - আমাদের একটি সুযোগ রয়েছে একটি অস্থায়ী ঠিকানায় আগেভাগে একটি নতুন স্কুল খোলার।
    - একটি “ইনকিউবেশন” ঘটে যখন একটি নতুন স্কুল খোলে এবং এটির দীর্ঘ-মেয়াদী সাইটে স্থানান্তরিত হওয়ার আগে একটি অস্থায়ী সাইটে শিক্ষার্থীদেরকে পরিষেবা প্রদান করে।

NYC Public Schools

# আলোচ্য বিষয়সূচি

নতুন স্কুল বিল্ডিং ও সম্ভাব্য ইনকিউবেশন সাইটসমূহ

আমাদের এখন পর্যন্ত শোনা কমিউনিটির গুরুত্বপূর্ণ মতামত, পরিকল্পনার হালানাগাদ, এবং পরবর্তী পদক্ষেপসমূহ

আলোচনা এবং মতামত

যোগাযোগের তথ্য

# নতুন বিল্ডিং ও
# সম্ভাব্য ইনকিউবেশন সাইটসমূহ

# নতুন বিল্ডিংসমূহ

- ডিস্ট্রিক্ট 30-তে হান্টার্স পয়েন্ট / কোর্ট স্কয়্যার-এ তিনটি নতুন বিল্ডিং খোলার জন্য বর্তমানে প্রত্যাশা করা হচ্ছে।

| বিল্ডিং | ঠিকানা | প্রজেক্টের নাম | ডিজাইন | মোট আসন | উদ্বোধন করার আনুমানিক সময় |
|---|---|---|---|---|---|
| Q341 | 1-50 54th Avenue | পার্সেল C (Parcel C) | ES | 547 | সেপ্টেম্বর 2027 |
| Q508 | 23-10 43rd Avenue | কোর্ট স্কয়্যার | ES | 547 | সেপ্টেম্বর 2028 |
| Q638* | 44-59 45th Avenue* | ভারনন বুলেভার্ড* | MS | পরে নির্ধারিত হবে | পরে নির্ধারিত হবে |

*লং আইল্যান্ড সিটি নেইবারহুড প্ল্যান-এর অংশ হিসেবে চলমান আলোচনা সাপেক্ষে


NYC Public Schools

# সম্ভাব্য ইনকিউবেশন সাইটসমূহ

- বিগত কয়েক মাস যাবৎ, NYCPS 2026-2027 শিক্ষা বছরে শুরু করে একটি নতুন স্কুল(সমূহ)-এর খোলা ও ইনকিউবেট করা সম্পর্কে মতামত সংগ্রহ করে চলেছে যা পরিশেষে দীর্ঘ-মেয়াদে কোর্ট স্কয়্যার এবং/অথবা পার্সেল C বিল্ডিংগুলোতে অবস্থিত হবে।
- তিনটি স্বতন্ত্র সম্ভাব্য ইনকিউবেশন সাইটের সম্ভাব্যতা পরীক্ষা করে দেখা হচ্ছে।

| বিল্ডিং | ঠিকানা | ডিজাইন | মোট ক্লাসরুম | সুযোগ-সুবিধা | অবস্থা (স্ট্যাটাস) |
|---|---|---|---|---|---|
| Q346 | 11-11 40th Avenue in LIC | আর্লি চাইল্ডহুড | 7<br>দুইটি তলা | এক্সারসাইজ রুম | নির্মাণাধীন<br>2026-এর জন্য প্রত্যাশিত |
| Q444 | 48-18 Van Dam Street in LIC | আর্লি চাইল্ডহুড | 9<br>একটি তলা | এক্সারসাইজ রুম | নির্মাণাধীন<br>2026-এর জন্য প্রত্যাশিত |
| Q797 | 41-12 44th Street in Sunnyside | PS | 11<br>দুইটি তলা + বেসমেন্ট | ঘরের বাইরের স্থান (আউটডোর স্পেস)<br>মাল্টি-পারপাস রুম<br>ক্যাফেটেরিয়া | SY (শিক্ষা বছর) 24-25 -এর জন্য P.S. 150 কর্তৃক অস্থায়ীভাবে ব্যবহার করা হচ্ছে |

# সম্ভাব্য ইনকিউবেশন সাইটসমূহের মানচিত্র (ম্যাপ)



# আমাদের এখন পর্যন্ত শোনা কমিউনিটির গুরুত্বপূর্ণ মতামত, পরিকল্পনার হালানাগাদ, এবং পরবর্তী পদক্ষেপসমূহ

# বর্তমান ভর্তি বিষয়ক উপাত্ত (ড্যাটা) এবং চাহিদা

- এলিমেন্টারি
  - 5/27/25 পর্যন্ত, P.S./I.S. 78 -এর জোনের মাত্র **5 জন শিক্ষার্থী** ফল (হেমন্ত) 2025-এর জন্য হয় P.S./I.S. 78 বা P.S. 384 (অথবা একটি আরও পছন্দনীয় বিকল্প)-এর জন্য **এখনও একটি অফার লাভ করেনি**।
  - স্থান সীমাবদ্ধতার কারণে, **আমরা অনুমান করছি** 2026-27 শিক্ষা বছরের জন্য **P.S. 384 -এ** কিন্ডারগার্টেনের **আসন** সংখ্যা **কমাতে হবে**, যা এলিমেন্টারি স্কুলের চাহিদাকে বৃদ্ধি করবে।
- মিডল্ স্কুল
  - P.S./I.S. 78 এবং P.S. 384 -এ বর্তমানে এনরোলকৃত প্রত্যেক পঞ্চম (5) গ্রেডের আবেদনকারী P.S./I.S. 78, হান্টার্স পয়েন্ট মিডল্ স্কুল, অথবা তার আরও পছন্দনীয় ভিন্ন একটি স্কুলে মিডল্ স্কুলের জন্য একটি অফার লাভ করেছে।
  - যদিও আমরা দীর্ঘতর-মেয়াদের চাহিদার অনুমান করছি, **আমরা 2026-27 শিক্ষা বছরের জন্য এই এলাকায় ষষ্ঠ (6) গ্রেডের আসনের জন্য একটি একই ধরনের চাহিদার অনুমান করছি**

# আমাদের এখন পর্যন্ত শোনা কমিউনিটির গুরুত্বপূর্ণ মতামত

- এমনকি বর্তমান ভর্তির ড্যাটা দিয়েও, I.S. 78 জোনে যথেষ্ঠ আসন থাকা সম্পর্কে বিশেষ উদ্বেগ রয়ে যায়, বিশেষ করে ভবিষ্যতে গিয়ে।
  - এমন যে, এলিমেন্টারি ও মিডল্ স্কুল উভয় স্তরে LIC-তে ইনকিউবেশন ও অতিরিক্ত আসনের জন্য একটি প্রবল অনুরোধ রয়েছে।
- তিনটি উপলক্ষ্যে প্রকাশ্যে তিনটি সম্ভাব্য ইনকিউবেশন সাইট উপস্থাপনের পর, Q150 অ্যানেক্সের জন্য অভিভূতকারী সমর্থন রয়েছে, প্রধানত ঘরের বাইরের খেলার স্থান এবং সুযোগ-সুবিধার জন্য।
  - নিঃসন্দেহে এটা স্বীকার করা হয় যে দূরত্বের চ্যালেঞ্জ রয়েছে যদিও কোর্ট স্কয়্যারের কিছু পরিবার মনে করেন না যে এটা P.S. 384 -এ যাওয়ার চেয়ে ভিন্ন কোনো কিছু।
  - শেয়ার করা দুইটি প্রি-K সেন্টারের বেছে নেয়ার পছন্দের জন্য অত্যন্ত সীমিত কমিউনিটি অ্যাডভোকেসি (পক্ষ সমর্থন) হয়েছে।

NYC Public Schools

# পরিকল্পনার হালনাগাদ এবং পরবর্তী পদক্ষেপসমূহ

- আমরা 2026-27 **শিক্ষা বছরে শুরু করে অন্ততপক্ষে কিন্ডারগার্টেন দিয়ে একটি নতুন স্কুল খোলা ও ইনকিউবেট করা** নিয়ে অগ্রসর হচ্ছি। অফিস অভ নিউ স্কুল ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট সুপারিনটেনডেন্ট হিডালগো (Hidalgo)-এর সহযোগিতায় এই নতুন স্কুলের জন্য পরিকল্পনা প্রক্রিয়া শুরু করবে!
- পার্সেল C এবং/অথবা কোর্ট স্কয়্যার খোলার পরে মিডল্ স্কুলের আসন অন্তর্ভুক্ত করার জন্য আমরা প্রতিশ্রুত রয়েছি।
- ইনকিউবেশনের ঠিকানা এবং দীর্ঘ-মেয়াদে ঠিকানার (পার্সেল C এবং কোর্ট স্কয়্যার) জন্য একটি চূড়ান্ত সিদ্ধান্ত সম্পর্কে আলোচনা চলমান রয়েছে। মতামত শেয়ার করার জন্য কমিউনিটির সদস্যদেরকে আমরা আরও সময় দিয়েছি তা নিশ্চিত করার জন্য, বাকি থাকা এসব উন্মুক্ত প্রশ্নের উপর বাড়তি মতামত সংগ্রহ করার জন্য আসন্ন সপ্তাহগুলোতে আমরা একটি সংক্ষিপ্ত জরিপ প্রকাশ করছি।
  - আমরা এই মতামতটি অব্যাহতভাবে শুনে যাচ্ছি যে লভ্য যে তিনটি বেছে নেয়ার পছন্দ আমরা উপস্থাপন করেছি, সেগুলোর মধ্য থেকে Q150 অ্যানেক্স একটি বেশি পছন্দনীয় ইনকিউবেশন সাইট, প্রধানত ঘরের বাইরের খেলার স্থান এবং সুযোগ-সুবিধার জন্য (মাল্টি-পারপাস রুম এবং ক্যাফেটেরিয়া)।

NYC Public Schools

# আলোচনা এবং মতামত

NYC Public Schools

# পথনির্দেশনামূলক আলোচনার প্রশ্নাবলী

- আপনি কি মনে করেন ভবিষ্যত কিন্ডারগার্টেন পরিবারবর্গ যারা কোর্ট স্কয়্যার এবং/অথবা পার্সেল C -এ স্কুলে যেতে পারেন তারা অস্থায়ীভাবে Q150 অ্যানেক্স-এ যেতে চাইবেন?
- আপনি কি Q150 অ্যানেক্স-এ এলিমেন্টারি স্কুল ইনকিউবেশন-এর প্রতি অভিনিবেশের ধারণাকে সমর্থন করেন?
- আপনি কি সেপ্টেম্বর 2026 -এ আমাদের পার্সেল C বা কোর্ট স্কয়্যারকে ইনকিউবেট করাকে বেশি পছন্দ করবেন?
- আপনার কমিউনিটিতে একটি নতুন এলিমেন্টারি স্কুলের জন্য ডিজাইন ও পরিকল্পনা সম্পর্কে চিন্তাভাবনায় আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ কী?
- পার্সেল C এবং কোর্ট স্কয়্যার খোলার জন্য পরিকল্পনা করার সময় সবচেয়ে বড় কোন কোন চাহিদা ও অগ্রাধিকারসমূহকে মনে রাখতে হবে?
- আমরা পরিকল্পনার প্রক্রিয়া অব্যাহত রাখার সময়, অংশগ্রহণ করার কোন পদ্ধতিগুলো এই কমিউনিটির জন্য সবচেয়ে ভালো কাজ করে বলে আপনি মনে করেন?

# যোগাযোগের তথ্য

# যোগাযোগের তথ্য

আমরা এই গ্রীষ্মে (সামারে) আমাদের জরিপের মাধ্যমে আপনার মতামত সংগ্রহ করার প্রত্যাশায় আছি, যখন আমরা সহযোগীরূপে কাজ করে ইনকিউবেশন সম্পর্কে বাকি থাকা উন্মুক্ত প্রশ্নাবলীর উত্তর দেয়া অব্যাহত রাখবো এবং সম্ভাব্য রিজোনিং (জোন পুনঃনির্ধারণ) ও কীভাবে নতুন বিল্ডিংগুলো ডিস্ট্রিক্টের চাহিদা ও অগ্রাধিকারসমূহকে সবচেয়ে ভালোভাবে পূরণ করতে পারে তা মূল্যায়ন করা শুরু করবো।

**অনুগ্রহ করে যেকোনো মতামত QueensZoning@schools.nyc.gov এবং CEC30@schools.nyc.gov ঠিকানায় পাঠান**



জুলিআ্যান বোজো (Julianne Bozzo), ডিরেক্টর অভ কুইন্স প্ল্যানিং
jbozzo2@schools.nyc.gov

রিয়া কাম্বারব্যাচ (Rhea Cumberbatch), অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ কুইন্স প্ল্যানিং
rcumberbatch2@schools.nyc.gov

ক্রিস্টিনা চ্যান (Kristina Chan), অ্যাসোসিয়েট ডিরেক্টর অভ অ্যানালিটিকস্
kchan31@schools.nyc.gov

# পরিশিষ্ট

# বর্তমান উপাত্ত (ড্যাটা)




1. আসন চাহিদা: ধনাত্মক নির্দেশ করে অতিরিক্ত আসন এবং ঋণাত্মক একটি আসন ঘাটতি নির্দেশ করে।
2. ব্যবহারের ভিত্তি হচ্ছে 2024-2025 -এর এনরোলমেন্টের জন্য অডিটকৃত রেজিস্টার এবং 2023-2024 -এর ধারণক্ষমতার জন্য ব্লু বুক।
3. হান্টার্স পয়েন্ট ES একটি নতুন স্কুল যা ধীরে ধীরে খোলার দিকে অগ্রসর হচ্ছে।

# সম্ভাব্য ইনকিউবেশন সাইটের জিওগ্রাফি (ভূগোল)

- K-2 শিক্ষার্থীরা ইয়েলো বাস পরিষেবা অথবা OMNY কার্ডের জন্য যোগ্য যদি তারা তাদের স্কুল সাইট থেকে 0.5 মাইলের বেশি দূরে বসবাস করে।

| বিল্ডিং | পার্সেল C/Q341 থেকে দূরত্ব | কোর্ট স্কয়্যার/Q508 থেকে দূরত্ব | পাবলিক ট্রান্সপোর্টেশন (গণ পরিবহন) |
|---|---|---|---|
| Q346 | 1.8 মাইল | 0.6 মাইল | • 21 St-Queensbridge-এ F ট্রেন (0.2 মাইল)<br>• Queensboro Plaza-তে 7/N/W ট্রেন (0.6 মাইল)<br>• 39 Av-তে N/W ট্রেন (0.7 মাইল)<br>• 40 Av/12 St-এ Q102 বাস (108 ফুট দূরে)<br>• 21 St/40 Av-তে Q69 বাস (0.1 মাইল) |
| Q444 | 1.5 মাইল | 1.1 মাইল | • 33 St/Rawson St-এ 7 ট্রেন (0.4 মাইল)<br>• Thomson Av/Van Dam St-এ Q39 বাস (0.1 মাইল) |
| Q797 | 2.3 মাইল | 1.5 মাইল | • 46 St-Bliss St-এ 7 ট্রেন (0.3 মাইল)<br>• 7th Av-তে Q60 বাস (0.2 মাইল)<br>• Queens Blvd & 45 St-এ Q32 বাস (0.2 মাইল)<br>• 48 St/Skillman Av-তে Q104 বাস (0.2 মাইল) |